

## **ভারত ১৯৯৭ সালের পারমাণবিক ক্ষতি জনিত অতিরিক্তে ক্ষতিপূরণের সনদ(সিএসসি) অনুমোদনের দলিল পেশ করলো**

ভারত আজ ১৯৯৭ সালের পারমাণবিক ক্ষতিজনিত অতিরিক্তে ক্ষতিপূরণের সনদ অনুমোদনের দলিল ভিয়েনায় আর্ট্রজাতিক পরমাণু শক্তি কঢ়পক্ষ(আইএইএ) —র কাছে জমা দিলো। ঐ সনদের গ্রহণের অধিকারী সংস্থা হলো আইএইএ। ভারতের রাষ্ট্রদুত ও স্থায়ী প্রতিনিধি শ্রী রাজীব মিশ্র আইএইএর কার্যনির্বাহী ডি঱েকটার জেনারেল মিঃ জুয়ান কার্লেস লেনচিজের কাছে সনদ অনুমোদনের দলিল জমা দেন। অনুমোদন দলিল জমা দেওয়ার ৯০ দিন পর ,অর্থাৎ ৪ মে ২০১৬ থেকে সনদটি কার্যকর হবে। এই ঘটনা ভারতে অসামরিক পরমাণু দায়বদ্ধতা সংকরান্ত বিষয়ের সমাধানের অন্তিম পদক্ষেপ সূচিত করছে। এর আগে ২০১৫ সালের ফেব্রুয়ারি মাসে অসামরিক পরমাণু দায়বদ্ধতা বিষয়ে প্রকাশিত ‘এফএকিউ’ এবং ২০১৫ সালে ভারত জাতীয় বিমা পুল(এনআইপি) সুচনার মাধ্যমে দায়বদ্ধতা বিষয়গুলি নিষ্পত্তি করা হয়েছে।

**নয়াদিল্লি**

**৪ ফেব্রুয়ারি ২০১৬**